DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 20 Nov 2026, 07:14 PM

সারাদেশ

সৌদিতে মৃত্যুদণ্ড কার্যকর হওয়া নজরুলের বাড়িতে শোকের মাতম

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২০ অক্টোবর ২০২৬, ০৭:৩২ PM





বিদেশের মাটিতে না জানিয়ে ছেলের মৃত্যুদণ্ড কার্যকর করার খবরে শোকে স্তব্ধ হয়ে গেছেন বাংলাদেশি যুবক নজরুলের বাবা-মা। একমাত্র উপার্জনক্ষম সন্তান হারানো কিছুতে মানতে পারছেন না তারা।

গত ১৪ অক্টোবর সৌদি আরবের মক্কায় □কথিত□ অনৈতিক কাজের অভিযোগে এক নারীসহ নজরুল ইসলামের মৃত্যুদণ্ড কার্যকর করে সেদেশের সরকার। যা তারা জানতে পারেন গণমাধ্যমের খবরে।

মৃত্যুদণ্ডপ্রাপ্ত দুইজনের মধ্যে নজরুল ইসলামের বাড়ি ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার সুলতানপুর ইউনিয়নের বিরামপুর গ্রামে। তিনি চার ভাইবোনের মধ্যে সবার বড়।

পরিবারের সদস্যরা জানায়, নজরুল ইসলাম এসএসসি পাশ করে পরিবারের হাল ধরতে ২০২২ সালে সৌদি আরবে যান। সেখানের মক্কা নগরীর হারাম শরীফে পরিচ্ছন্নতা কর্মীর কাজ পান।

সাত মাসের পর থেকে তার আর কোনো খোঁজ পাওয়া যায়নি। পরে হঠাৎ একদিন সে ফোন দিয়ে জানায় সে কারাগারে বন্দি। তবে কি কারণে সে বন্দি সে বিষয়টি জানায়নি।

নজরুলের বাবা আবদুল বাছির বলেন, আমার ছেলে তিন বছরের বেশি সময় সেখানে আটক থাকার পর গেল বুধবার ১৪ অক্টোবর বাংলাদেশ কনস্যুলেট কিংবা পরিবারকে না জানিয়ে তার মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। এ অবস্থায় মৃত্যুদণ্ড কার্যকরের আগে নজরুল ইসলামকে আইনি সহায়তার সুযোগ দেওয়া হয়েছিল কি না কিংবা বাংলাদেশ কনস্যুলেটের ভূমিকা কি ছিল তা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। তিনি এ ঘটনার তীব্র প্রতিবাদ জানান।

তার মা রেহেনা বেগম কান্না জড়িত কণ্ঠে বলেন, আমার ছেলে এসএসসি পাশ করার পর বলে সে আর লেখাপড়া করবে না। তাই পরিবারের হাল ধরতে সৌদি আরবে যায়। সে বলেছিল ‘ছোট ছোট তিনটি ভাই-বোন আছে তাদের জন্য মায়া লাগে। তাদের জন্য আমি কিছু করতে চাই।’

গত রোববার আমার ছেলের সঙ্গে শেষ কথা হয়েছে, আমাদের খোঁজ খবর নিয়েছে সে। এরপর গত বুধবার জানতে পারি আমার ছেলেকে মৃত্যুদণ্ড দিয়েছে। অথচ আমাদের একবারও জানায়নি। সরকারের কাছে আবেদন আমার ছেলের মরদেহটা যেন একবারের জন্য দেখতে পারি।

এদিকে নজরুলে মৃত্যুর খবরে শোক সইতে না পেরে সেদিনই হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যায় ফুফু আবেদা বেগম (৬৫)। এমন করুণ পরিণতিতে গ্রামজুড়ে শোকের ছায়া নেমে এসেছে। স্বজন ও এলাকাবাসীরা শোকার্ত মা-বাবার পাশে থাকতে তার বাড়িতে ভিড় করছেন।

স্থানীয়রা জানান, বাংলাদেশ সরকারকে না জানিয়ে এবং আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে এমন মৃত্যুদণ্ড মেনে নেওয়া যায় না।

জেলা প্রশাসক মো. আবু সাঈদ জানান, মরদেহ ফিরিয়ে আনতে সরকারের পক্ষ থেকে কোনো নির্দেশনা পাওয়া যায়নি। মরদেহ দেশে ফিরলে ভুক্তভোগী পরিবারকে সহায়তা করা হবে।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০

বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান

নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/soudite-mritjudnd-karjkr-hoya-njruler-barite-shoker-matm